# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
## ময়মনসিংহ

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৪.০১.০৪৩.১৮-৪৮৪ তারিখঃ ১৫-০৬-২০২২ ইং

**বিষয়ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ছাপানো প্রসঙ্গে।**

এতদসাথে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় ৪ কলামে ০১ (এক)দিনের জন্য ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর দুই প্রস্থ বিল (প্রকাশিত বিজ্ঞপ্তির কপিসহ) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ বরাবর প্রেরণের জন্য অনুরোধ করছি।

(জান্নাতুল ফেরদৌস ঝুমা)
সহকারী পরিচালক (চ.দা.)

....................................................

....................................................

....................................................

....................................................

....................................................

বিতরণঃ

১। পরিচালক (প্রশাসন ও অর্থ),বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ।
২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা,চিংড়ি গবেষণা কেন্দ্র, বাগেরহাট।
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, নদীকেন্দ্র, চাঁদপুর।
৪। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র,ময়মনসিংহ।
৫। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, লোনাপানি কেন্দ্র,পাইকগাছা, খুলনা।
৬। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার।
৭। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ(ইনস্টিটিউটের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
৮। উর্দ্ধতন গ্রন্থাগারিক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ:(বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের পর পেপার কাটিং প্রশাসন শাখায় প্রেরণের অনুরোধসহ)।
৯। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সংশ্লিষ্ট নথি
১১। মাষ্টার নথি।

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
## ময়মনসিংহ

স্মারক নং-৩৩.০৪.০০০০.১০৪.০১.০৪৩.১৮-৪৮৩ তারিখঃ ১৫-০৬-২০২২ ইং

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৮-০৬-২০২২ ইং তারিখের ৩৩.০০.০০০০.১৩০.১১.০০১.২২.-১৯৫ নং ছাড়পত্র মোতাবেক বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের অনুকূলে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | জাতীয় বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১. | বৈজ্ঞানিক কর্মকর্তা | ২২০০০-৫৩০৬০ (গ্রেড -৯) | ০৭টি | অনুর্ধ ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৎস্য বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপি এর স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা প্রাণিবিজ্ঞান (মৎস্য) বা বিজ্ঞানের অন্য কোন সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর বা সমমানের সিজিপিএর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ০২. | টেকনিশিয়ান | ১২৫০০-৩০২৩০ (গ্রেড-১১) | ০২টি | অনুর্ধ ৩০ বছর | সরকার স্বীকৃত ইনস্টিটিউট হতে যন্ত্রকৌশলে অন্যূন প্রথম বিভাগ/সমমানের সিজিপিএতে ডিপ্লোমা। ল্যাবরেটরি ও অফিস যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ বিষয়ক কাজের বাস্তব অভিজ্ঞতা। |
| ০৩. | হিসাবরক্ষক | ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | ০১টি | অনুর্ধ ৩০ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএতে স্নাতক ডিগ্রী অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ হিসাবরক্ষণ সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ০৪. | ডাটা এন্ট্রি /কন্ট্রোল অপারেটর | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড -১৬) | ০১টি | অনুর্ধ ৩০ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতিমিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। |
| ০৫. | ক্ষেত্র সহকারী | টাকা-৯৩০০-২২৪৯০ (গ্রেড -১৬) | ০৩টি | অনুর্ধ ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |

শর্তাবলী:

১. আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। চাকুরির আবেদন ফরম ইনস্টিটিউটটের সদর দপ্তর অথবা ইনস্টিটিউটের ওয়েব সাইট www.fri.gov.bd থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

২. আগামী ১৪-০৭-২০২২ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ-২২০১ বরাবর ৩ (তিন) কপি সত্যায়িত ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩. আবেদনপত্রের সাথে ১০০.০০ (একশত) টাকা মূল্যের পোষ্টাল অর্ডার মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ এর অনুকূলে অথবা মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট,ময়মনসিংহ এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মৎস্য গবেষণা ইনস্টিটিউট শাখা, ময়মনসিংহ এর উপর ডিমান্ড ড্রাফট্ প্রদান করতে হবে।

৪. আবেদনপত্রের সাথে প্রত্যেক প্রার্থীকে পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০.০ (দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত ৪.৫" x ১০.০০" সাইজের ০১টি খাম প্রেরণ করতে হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।

৫. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় তাঁদের আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

৬. অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ বা স্বাক্ষর বিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থীদের বয়সের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য নয়।

৭. ইনস্টিটিউট কর্তৃক বাস্তবায়িত " মুক্তাচাষ প্রযুক্তি উন্নয়ন ও সম্প্রাসরণ " শীর্ষক উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে বয়স শিথিলকরণ বিধিমালা ২০০৫ অনুসরণ করা হবে।

৮. পদ পূরণের ক্ষেত্রে (১ নং ব্যতীত) বিদ্যমান কোটা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।

৯. চাকুরীর জন্য নির্বাচিত হওয়ার পরে প্রার্থীর প্রদত্ত কোন তথ্য মিথ্যা/ভুয়া প্রমাণিত হলে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইনে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

১০. প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করা যেতে পারে। শূণ্য পদ পুরণ করা বা না করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৫/৬/২২

(জান্নাতুল ফেরদৌস ঝুমা)
সহকারী পরিচালক (চ.দা.)